



# অধ্যায় - ১

গাণিতিক অনুসন্ধান - Class 8 Math BD 2024 – ১ম অধ্যায় (অনুশীলনী: প্রশ্ন অনুপস্থিত)


## New Curriculum

### গাণিতিক অনুসন্ধান

প্রিয় শিক্ষার্থী, এটা হলো ৮ম শ্রেণির ১ম অধ্যায় যার নাম হলো গাণিতিক অনুসন্ধান। আমরা আমাদের অনুশীলনীমূলক ধারাবাহিক সমাধান প্রক্রিয়ায় এই অধ্যায় নিয়ে এসেছি কিন্তু দুষ্কের বিষয় পাঠ্যবইয়ে এই অধ্যায়ের কোন অনুশীলনীমূলক প্রশ্ন নাই, তাই আমরা গাণিতিক অনুসন্ধান এর একটি নমুনা অনুশীলনী প্রস্তুত করে সমাধান করেছি। তার আগে জেনে নেই এই অভিজ্ঞতায় তোমরা কি কি শিখতে পারবে:-

- ১ গাণিতিক অনুসন্ধান প্রক্রিয়া
- ২ গাণিতিক অনুসন্ধানের ধাপসমূহ
- ৩ প্যাটার্ন
- ৪ তথ্যের উৎসের নির্ভযোগ্যতা যাচাই করার পদ্ধতি

### ১ম অধ্যায় (৮ম শ্রেণি)





## ১ম অধ্যায়



প্রশ্ন ১: ক্রমিক সংখ্যার অনুক্রম এবং কাউন্ট ডাউন কি এক? উদাহরণ দাও।

সমাধানঃ

ক্রমিক সংখ্যার অনুক্রম এবং কাউন্ট ডাউন এক নয়।

বিভিন্ন পূর্ণ সংখ্যা একের পর এক বসালে যদি ছোট থেকে বড় ক্রম তৈরি হয় তবে তাকে ক্রমিক সংখ্যার অনুক্রম বলে। যেমনঃ ১,২,৩,.....ইত্যাদি।

আবার,

বিভিন্ন পূর্ণ সংখ্যা একের পর এক বসালে যদি বড় থেকে ছোট ক্রম তৈরি হয় তবে তাকে ইংরেজিতে কাউন্ট ডাউন বলে। যেমনঃ ১০,৯,৮,.....ইত্যাদি।

প্রশ্ন ২: যেকোনো চারটি সংখ্যা ৪,৫,৬,৭ এর মাঝে কত ভাবে (+) ও (-) চিহ্ন বসানো যায়?

সমাধানঃ

আমরা, ৪,৫,৬,৭ এর মাঝে (+) ও (-) কে স্থান পরিবর্তন করে বিভিন্নভাবে বসিয়ে পাই,

(i)  $৪+৫+৬+৭$

(ii)  $৪+৫+৬-৭$

(iii)  $৪+৫-৬+৭$

(iv)  $৪+৫-৬-৭$

(v)  $৪-৫+৬+৭$

(vi)  $৪-৫+৬-৭$


(vii)  $৪-৫-৬+৭$

(viii)  $৪-৫-৬-৭$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743



## ← ১ম অধ্যায়

অর্থাৎ, ৪, ৫, ৬, ৭ এর মাঝে ৮ ভাবে (+) ও (-) চিহ্ন বসানো যায়।

**সহজ হিসাব পদ্ধতি:**

চিহ্নের সংখ্যা: (+) ও (-) অর্থাৎ ২টি।

৪, ৫, ৬, ৭ এর মাঝে মোট চিহ্ন বসানো যায় ৩টি।

∴ ৪, ৫, ৬, ৭ এর মাঝে বিভিন্ন ভাবে (+) ও (-) চিহ্ন বসানো যায় =  $2^3$  ভাবে = ৮ ভাবে।

**প্রশ্ন ৩:** সংখ্যা ৪, ৫, ৬, ৭ এর মাঝে বিভিন্ন ভাবে (+) ও (-) বসিয়ে ফলাফল নির্ণয় করো এবং ফলাফলগুলোকে ক্রমানুসারে সজ্ঞাও। ফলাফল কি ০ বা ঋণাত্মক হতে পারে।

**সমাধান:**

৪, ৫, ৬, ৭ এর মাঝে (+) ও (-) কে স্থান পরিবর্তন করে বিভিন্নভাবে বসিয়ে ফলাফল পাই,

$$(i) ৪+৫+৬+৭ = ২২$$

$$(ii) ৪+৫+৬-৭ = ৮$$

$$(iii) ৪+৫-৬+৭ = ১০$$

$$(iv) ৪+৫-৬-৭ = -৪$$

$$(v) ৪-৫+৬+৭ = ১২$$

$$(vi) ৪-৫+৬-৭ = -২$$

$$(vii) ৪-৫-৬+৭ = ০$$


$$(viii) ৪-৫-৬-৭ = -১৪$$

ফলাফলের ছোট থেকে বড় ক্রম:  $-১৪, -৪, -২, ০, ৮, ১০, ১২, ২২$ ।

∴ ফলাফল ০ বা ঋণাত্মক হতে পারে।

**প্রশ্ন ৪:** ১০ এর গুণনীয়কগুলোর থেকে ১০ বাদে বাকী গুণনীয়কগুলোর যোগফল কত?

**সমাধান:**





## ১ম অধ্যায়

১০ এর গুণনীয়কগুলো হলো-

১, ২, ৫ এবং ১০

∴ ১০ বাদে বাকী গুণনীয়কগুলোর যোগফল =  $1+2+5 = ৮$

**প্রশ্ন ৫:** প্রমাণ করো যে, ১২ একটি সমৃদ্ধ সংখ্যা (abundant number)।

**সমাধান:**

১২ এর গুণনীয়কগুলো হলো-

১, ২, ৩, ৪, ৬ এবং ১২

১২ বাদে বাকী গুণনীয়কগুলোর যোগফল =  $1+2+3+4+6 = ১৬$  যা ১২ থেকে বড়।

এই কারণে ১২ একটি সমৃদ্ধ সংখ্যা (abundant number) [প্রমাণ করা হলো]।

**প্রশ্ন ৬:** ০, ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ৫৫..... এর ১২তম সংখ্যাটি কত?

**সমাধান:**

প্রদত্ত ধারাটি একটি ফিবোনাচ্চি ধারা।

অর্থাৎ, ধারাটির পরপর দুইটি পদের যোগফল এর পরবর্তী পদের সমান।

যেমন ধারাটিতে,

১ম পদ + ২য় পদ =  $0+1 = 1 = ৩য় পদ$


২য় পদ + ৩য় পদ =  $1+1 = ৩ = ৪র্থ পদ$

সেইভাবে,

১০ম পদ + ১১তম পদ

=  $৩৪+৫৫$

= ৮৯





## ১ম অধ্যায়

= ১২তম পদ


∴ ১২তম সংখ্যাটি = ৮৯।

বিদ্রঃ আমাদের নমুনা প্রশ্ন এই পর্যন্ত, আরও বিস্তারিত অন্য কোন পোস্টে নিয়ে আসব। আমাদেরকে লিখে জানিও, সেই অনুসারে আমরা এগিয়ে যাব। ধন্যবাদ।

If it is helpful for  
you,  
donate us please

Bkash Personal

01916973743





## অধ্যায় - ২

দৈনন্দিক কাজে বাস্তব সংখ্যা - Class 8 Math BD 2024 – ২য় অধ্যায়  
(অনুশীলনীঃ ১-১০ পর্যন্ত)

### New Curriculum

#### বাস্তব সংখ্যা


প্রতিদিন নানা কাজে আমরা বিভিন্ন রকম সংখ্যা ব্যবহার করি। তোমার শ্রেণিতে বা শিক্ষা প্রতিষ্ঠানে কতজন শিক্ষার্থী আছে? শ্রেণিকক্ষে কতগুলো জানালা আছে? এই ধরনের গণনার সঙ্গে পূর্ণসংখ্যা যা সম্পর্কিত থাকে। আবার উচ্চতা, ওজন ইত্যাদি পরিমাপে অধিকাংশ ক্ষেত্রে ভগ্নাংশ বা দশমিক চলে আসে। কখনে অনেক বিশাল সংখ্যা হলে সূচকের মাধ্যমেও প্রকাশ করা হয়। তোমরা ভগ্নাংশ, দশমিক এবং সূচকের সঙ্গে আগেই পরিচিত আছ। যেমন,  $\frac{1}{2}$ ,  $\frac{2}{3}$ ,  $\frac{5}{4}$  ইত্যাদি ভগ্নাংশ আকার। আবার ০.২৫, ৩.৩৩, ৫.২৫৫৫... দশমিক আকার এবং  $8^{10}$  সূচক আকার। এই ধরনের সংখ্যা মূলদ সংখ্যা। এছাড়া অসংখ্য অমূলদ সংখ্যাও রয়েছে। এ অভিজ্ঞতায় আমরা মূলদ সংখ্যা ছাড়াও অমূলদ সংখ্যার সঙ্গে পরিচিত হব। বাস্তব জীবনে ব্যবহৃত এই সকল সংখ্যাকে আমরা বাস্তব সংখ্যা (real number) বলি। এই শিখন অভিজ্ঞতায় আমরা বিভিন্ন রকম বাস্তব সংখ্যা ও তাদের বৈশিষ্ট্য সম্পর্কে জানব এই অধ্যায়ের অনুশীলনীর সকল গাণিতিক সমস্যার সমাধান করার মাধ্যমে। তাহলে শুরু করি।

#### অনুশীলনী-২ (৮ম শ্রেণি)

১. ক্রীড়া প্রতিযোগিতায় একটি মজার খেলা হলো দীর্ঘ লাফ। ধরা যাক তোমাকে দীর্ঘ লাফ প্রতিযোগিতায় ১০ মিটার দূরের একটি দেয়াল ছুঁতে হবে কিন্তু তুমি প্রতি লাফে শুধু অর্ধেক পথ যেতে পারবে। যেমন, প্রথম লাফে  $\frac{10}{2} = ৫$  মিটার পথ গেলে, এরপরের লাফে  $\frac{৫}{2} = ২.৫$  মিটার পথ গেলে দেয়াল ছুঁতে কটি লাফ দিতে হবে তা কি বের করতে পারবে?

সমাধানঃ

এখানে,



## ← ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

১ম লাফের দূরত্ব,  $a = 5$  মিটার;

সাধারণ অন্তর,  $a = 2.5/5 = 1/2$ ;

মোট অতিক্রান্ত দূরত্ব  $s = 10$  মিটার।

এখন, গুনোত্তর ধারা অনুসারে,  $r < 1$  হলে,  $n$ তম পদের সমষ্টি

$$= a(1-r^n)/(1-r)$$

$$\text{বা, } a(1-r^n)/(1-r) = s$$

$$\text{বা, } a(1-r^n) = s(1-r)$$

$$\text{বা, } 5(1-1/2^n) = 10(1-1/2)$$

$$\text{বা, } 5(1-1/2^n) = 10 \times 1/2$$

$$\text{বা, } 5(1-1/2^n) = 5$$

$$\text{বা, } (1-1/2^n) = 1$$

$$\text{বা, } -1/2^n = 1-1$$

বা,  $-1/2^n = 0$  যা গাণিতিকভাবে সম্ভব নয়।

অর্থাৎ,  $n$  এর মান বা লাফ সংখ্যা অগণিত হবে।

২. একটি বর্গাকার আমবাগানে ১৩৬৯টি আমগাছ আছে। বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ উভয় দিকে সমান সংখ্যক আমগাছ থাকলে, প্রত্যেক সারিতে গাছের সংখ্যা যুক্তিসহকারে উপস্থাপন করো। দৈর্ঘ্য ও প্রস্থে দুটি গাছের মধ্যে দূরত্ব ১০০ ফুট হলে, বাগানের ক্ষেত্রফল আনুমানিক কত হবে বলে তুমি মনে করো?

**সমাধানঃ**


ধরি,

$a =$  দৈর্ঘ্য বরাবর আমগাছের সংখ্যা  $=$  প্রস্থ বরাবর আমগাছের সংখ্যা।

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743



প্রশ্নমতে,

$$a \times a = 1369$$

$$\text{বা, } a^2 = 1369$$

$$\text{বা, } a = \sqrt{1369} = 37$$

অর্থাৎ, আম বাগানটিতে দৈর্ঘ্য বরাবর যে সারিটি আছে সেখানে 37 টি আমগাছ আছে, একইভাবে প্রস্থ বরাবর সারিতেও 37 টি আমগাছ আছে।

এখন দৈর্ঘ্য বা প্রস্থ বরাবর যেহেতু 37 টি করে আমগাছ আছে সেহেতু বাগানটিতে মোট সারি আছে

$$= 1369/37 = 37 \text{ টি।}$$

এখন, শর্তমতে,

$$1\text{ম গাছ থেকে } 2\text{য় গাছের দূরত্ব} = 100 \text{ ফুট}$$

$$\therefore 1\text{ম থেকে } 3\text{য় গাছের দূরত্ব} = 200 \text{ ফুট}$$

$$\therefore 1\text{ম থেকে } 37\text{তম গাছের দূরত্ব} = 3600 \text{ ফুট}$$

$$\text{অর্থাৎ, বাগানের দৈর্ঘ্য} = 3600 \text{ ফুট} = \text{বাগানের প্রস্থ।}$$

$$\therefore \text{বাগানের ক্ষেত্রফল}$$

$$= 3600 \times 3600 \text{ বর্গ ফুট}$$


$$= 12960000 \text{ বর্গ ফুট।}$$

৩. ১ থেকে ১০০ পর্যন্ত সকল পূর্ণবর্গ সংখ্যার বর্গমূল ও পূর্ণঘন সংখ্যার ঘনমূল নির্ণয় করো।

সমাধানঃ

১ থেকে ১০০ পর্যন্ত সকল পূর্ণবর্গ সংখ্যার বর্গমূল নির্ণয়ের জন্য নিচের সারণিটি তৈরি করিঃ

সংখ্যার বর্গের আকার	ফলাফল
$1^2$	১
$2^2$	৪



## ← ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

$৩^২$	৯
$৪^২$	১৬
$৫^২$	২৫
$৬^২$	৩৬
$৭^২$	৪৯
$৮^২$	৬৪
$৯^২$	৮১
$১০^২$	১০০

∴ ১ থেকে ১০০ পর্যন্ত সকল পূর্ণবর্গ সংখ্যা হলোঃ ১,৪,৯,১৬,২৫,৩৬,৪৯,৬৪,৮১,১০০ যাদের বর্গমূল হলোঃ ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০।


আবার,

১ থেকে ১০০ পর্যন্ত সকল পূর্ণঘন সংখ্যার ঘনমূল নির্ণয়ের জন্য নিচের সারণিটি তৈরি করিঃ

সংখ্যার ঘনের আকার	ফলাফল
$১^৩$	১
$২^৩$	৮
$৩^৩$	২৭
$৪^৩$	৬৪
$৫^৩$	১২৫

∴ ১ থেকে ১০০ পর্যন্ত সকল পূর্ণঘন সংখ্যা হলোঃ ১,৮,২৭,৬৪ যাদের ঘনমূল হলোঃ ১,২,৩,৪।

৪. একটি সংখ্যারেখায় P, Q, R, S, T, U, A এবং B বিন্দুগুলো এমনভাবে আছে যে,  $TR = RS = SU$  এবং  $AP = PQ = QB$ . এমতাবস্থায় P, Q, R এবং S মূলদ সংখ্যাসমূহের মান নির্ণয় করো।




**সমাধানঃ**

সংখ্যারেখায়,  $TU = -৩ - (-২) = -৩ + ২ = -১$

দেওয়া আছে,

$TR = RS = SU$

∴  $TR = -১/৩$





## ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

$$\therefore TS = -\frac{2}{3}$$

এখন, সংখ্যারেখায় T এর মান = -২

$$\therefore \text{সংখ্যারেখায় R এর মান} = -2 - \frac{1}{3} = -\frac{6-1}{3} = -\frac{5}{3}$$

$$\therefore \text{সংখ্যারেখায় S এর মান} = -2 - \frac{2}{3} = -\frac{6-2}{3} = -\frac{4}{3}$$

আবার,

$$\text{সংখ্যারেখায়, } AB = 2-1 = 1$$

দেওয়া আছে,

$$AP = PQ = QB$$

$$\therefore AP = \frac{1}{3}$$

$$\therefore AQ = \frac{2}{3}$$

এখন, সংখ্যারেখায় A এর মান = ১

$$\therefore \text{সংখ্যারেখায় P এর মান} = 1 + \frac{1}{3} = \frac{3+1}{3} = \frac{4}{3}$$

$$\therefore \text{সংখ্যারেখায় Q এর মান} = 1 + \frac{2}{3} = \frac{3+2}{3} = \frac{5}{3}$$

৫. নিচের সংখ্যাগুলো মূলদ নাকি অমূলদ যুক্তিসহ ব্যাখ্যা দাও।


৮.৯২৯২৯২..., ০.১০১০০১০০০১..., ৬৫৩৪.৭৮৯৭৮৯..., ২.১৮২৮১৮২৮, ০.১২২৩৩৩...

**সমাধানঃ**

(i) ৮.৯২৯২৯২.....

এটি একটি পৌনঃপুনিক দশমিক সংখ্যা।

অর্থাৎ একে  $\frac{p}{q}$  আকারে প্রকাশ করা যাবে যেখানে p ও q পূর্ণসংখ্যা এবং  $q \neq 0$ ।



## ← ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

∴ এটি একটি মূলদ সংখ্যা।

(ii)  $0.1010010001...$

এটি পৌনঃপুনিক দশমিক সংখ্যা নয়।

অর্থাৎ একে  $P/Q$  আকারে প্রকাশ করা যাবে না যেখানে  $p$  ও  $q$  পূর্ণসংখ্যা এবং  $q \neq 0$ ।

∴ এটি একটি অমূলদ সংখ্যা।

(iii)  $0.508.989898...$

এটি একটি পৌনঃপুনিক দশমিক সংখ্যা।

অর্থাৎ একে  $P/Q$  আকারে প্রকাশ করা যাবে যেখানে  $p$  ও  $q$  পূর্ণসংখ্যা এবং  $q \neq 0$ ।

∴ এটি একটি মূলদ সংখ্যা।

(iv)  $2.18281828...$

এটি একটি পৌনঃপুনিক দশমিক সংখ্যা।

অর্থাৎ একে  $P/Q$  আকারে প্রকাশ করা যাবে যেখানে  $p$  ও  $q$  পূর্ণসংখ্যা এবং  $q \neq 0$ ।

∴ এটি একটি মূলদ সংখ্যা।

(v)  $0.12220303...$

এটি একটি পৌনঃপুনিক দশমিক সংখ্যা।


অর্থাৎ একে  $P/Q$  আকারে প্রকাশ করা যাবে যেখানে  $p$  ও  $q$  পূর্ণসংখ্যা এবং  $q \neq 0$ ।

∴ এটি একটি মূলদ সংখ্যা।

৬.  $2\sqrt{2} + 5\sqrt{8}$  এবং  $9\sqrt{8} - 8\sqrt{2}$  সংখ্যা দুটির যোগ, বিয়োগ, গুণ, ভাগ করে সংখ্যারেখায় উপস্থাপন করো।

সমাধানঃ

১ম সংখ্যা





## ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

$$= ২\sqrt{২} + ৫\sqrt{৮}$$

$$= ২\sqrt{২} + ৫\sqrt{(২ \times ২ \times ২)}$$

$$= ২\sqrt{২} + ৫ \times ২\sqrt{২}$$

$$= ২\sqrt{২} + ১০\sqrt{২}$$

$$= ১২\sqrt{২}$$

২য় সংখ্যা

$$৯\sqrt{৮} - ৪\sqrt{২}$$

$$= ৯\sqrt{(২ \times ২ \times ২)} - ৪\sqrt{২}$$

$$= ৯ \times ২\sqrt{২} - ৪\sqrt{২}$$

$$= ১৪\sqrt{২} - ৪\sqrt{২}$$

$$= ১০\sqrt{২}$$

∴ ১ম ও ২য় সংখ্যার যোগঃ

$$১২\sqrt{২} + ১০\sqrt{২}$$

$$= ২২\sqrt{২}$$

∴ ১ম ও ২য় সংখ্যার বিয়োগঃ

$$১২\sqrt{২} - ১০\sqrt{২}$$

$$= ২\sqrt{২}$$

∴ ১ম ও ২য় সংখ্যার গুণঃ

$$১২\sqrt{২} \times ১০\sqrt{২}$$


$$= ১২ \times ১০ \times \sqrt{২} \times \sqrt{২}$$

$$= ১২ \times ১০ \times ২$$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743





## ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

$$= ২৪০$$

∴ ১ম ও ২য় সংখ্যার ভাগঃ

$$১২\sqrt{২} \div ১০\sqrt{২}$$

$$= ১২ \div ১০$$

$$= ৬/৫$$

$$= ১.২$$

**সংখ্যারেখায় উপস্থাপনঃ**

পরে যুক্ত করা হবে; এই সমাধান পেতে আমাদেরকে লিখে জানাও-তাহলে আমরা দ্রুত এটার সমাধান নিয়ে আসব।

৭. সরল করোঃ  $\sqrt[৩]{(৩/৫)} + \sqrt[৩]{৯/৫} - \sqrt[৩]{৮১}$

**সমাধানঃ**

$$\sqrt[৩]{(৩/৫)} + \sqrt[৩]{৯/৫} - \sqrt[৩]{৮১}$$

$$= \sqrt[৩]{(৩/৫)} + \sqrt[৩]{৯/৫} - ৩ \cdot \sqrt[৩]{৩}$$

$$= \frac{৫}{৫} \cdot \sqrt[৩]{(৩/৫)} + \sqrt[৩]{৯/৫} + \frac{৫}{৫} \cdot (-৩ \cdot \sqrt[৩]{৩})$$


$$৫ \cdot \sqrt[৩]{(৩/৫)} + \sqrt[৩]{৯} + ৫(-৩) \sqrt[৩]{৩}$$

$$= \frac{\dots}{৫}$$

$$-১৫ \cdot \sqrt[৩]{৩} + ৫ \cdot \sqrt[৩]{(৩/৫)} + \sqrt[৩]{৯}$$

$$= \frac{\dots}{৫}$$

৮. নিশিত চাকমার দুইটি বর্গাকার সবজি বাগান আছে। একটির দৈর্ঘ্য  $২\sqrt{২}$  একক এবং অন্যটির ক্ষেত্রফল এটির ক্ষেত্রফলের দ্বিগুণ। তাহলে অন্য বাগানের দৈর্ঘ্য কত?



## ← ২য় অধ্যায় (অনুশীলনীঃ ১-১০ প...

### সমাধানঃ

নিশিত চাকমার একটি বাগানের প্রতি বাহুর দৈর্ঘ্য =  $2\sqrt{2}$  একক

∴ এই বাগানের ক্ষেত্রফল

$$= (2\sqrt{2} \times 2\sqrt{2}) \text{ বর্গ একক}$$

$$= 2 \times 2 \times \sqrt{2} \times \sqrt{2} \text{ বর্গ একক}$$

$$= 8 \times 2 \text{ বর্গ একক}$$

$$= ৮ \text{ বর্গ একক}$$

শর্তমতে, অন্য বাগানের ক্ষেত্রফল =  $2 \times ৮$  বর্গ একক = ১৬ বর্গ একক

∴ অন্য বাগানের দৈর্ঘ্য =  $\sqrt{১৬}$  একক = ৪ একক।

৯. তোমার দুইটি ঘনক আকৃতির বক্স আছে। একটির আয়তন ১৬ ঘনফুট এবং অন্যটির আয়তন ১১ ঘনফুট। প্রতিটি বক্সের প্রতি বাহুর দৈর্ঘ্য কত? যদি উক্ত বক্স দুটি ভেঙ্গে তাদের আয়তনের যোগফলের সমান আয়তনের একটি ঘনক আকৃতির বক্স বানানো হয় তবে সেটির প্রতি বাহুর দৈর্ঘ্য কত হবে?

### সমাধানঃ

আমার ১ম ঘনক আকৃতির বক্স এর আয়তন = ১৬ ঘনফুট

$$\therefore ১ম বক্সের প্রতি বাহুর দৈর্ঘ্য = \sqrt[৩]{১৬} \text{ ফুট} = \sqrt[৩]{(২ \times ২ \times ২)} \text{ ফুট} = ২ \text{ ফুট।}$$

আবার,

আমার ২য় ঘনক আকৃতির বক্স এর আয়তন = ১১ ঘনফুট

$$\therefore ২য় বক্সের প্রতি বাহুর দৈর্ঘ্য = \sqrt[৩]{১১} \text{ ফুট}$$

এখন, ১ম ও ২য় বক্সের আয়তনের যোগফল =  $(১৬ + ১১)$  ঘনফুট = ২৭ ঘনফুট

অর্থাৎ, দুইটি বক্স ভেঙ্গে যে নতুন বক্স বানানো হয় তার আয়তন = ২৭ ঘনফুট

$$\therefore \text{নতুন বক্সের প্রতি বাহুর দৈর্ঘ্য} = \sqrt[৩]{২৭} \text{ ফুট} = \sqrt[৩]{(৩ \times ৩ \times ৩)} \text{ ফুট} = ৩ \text{ ফুট।}$$



## ← ৩য় অধ্যায় (অনুশীলনী: ১-৭ পর্যন্ত)

### অধ্যায় - ৩

ঘনবস্তুতে দ্বিপদী ও ত্রিপদী রাশি খুঁজি - Class 8 Math BD 2024 – ৩য় অধ্যায় (অনুশীলনী: ১-৭ পর্যন্ত)

#### ঘনবস্তুতে দ্বিপদী ও ত্রিপদী রাশি খুঁজি

পূর্বের শ্রেণিতে তোমরা তোমাদের অভিজ্ঞতা অর্জনে চলক, বীজগাণিতিক রাশি, পদ, বীজগাণিতিক রাশির উৎপাদক, লসাগু, গসাণ্ড ইত্যাদি ব্যবহার করেছ। বাস্তব জীবনে সমস্যা সমাধানে বীজগাণিতিক রাশি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তোমরা বর্গক্ষেত্র এবং আয়তক্ষেত্রের বিষয়ে দ্বিপদী এবং ত্রিপদী রাশির ব্যবহার শিখেছ। তোমরা শিখেছ, আয়তক্ষেত্র একটি দ্বিমাত্রিক আকৃতি। অর্থাৎ এটি পরিমাপের দুটি মাত্রা— দৈর্ঘ্য এবং প্রস্থ। বর্গক্ষেত্র আয়তক্ষেত্রের একটি বিশেষ অবস্থা। বর্গক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থ সমান। মজার ব্যাপার হলো, আমাদের চারপাশে দ্বিমাত্রিক বস্তুর চেয়ে ত্রিমাত্রিক বস্তুই বেশি। যেমন— বই, খাতা, আলমারি, শোকেস, বুকশেল্ফ ইত্যাদি। ত্রিমাত্রিক বস্তুতে দৈর্ঘ্য, প্রস্থ ছাড়াও একটি মাত্রা যোগ হয়, সেটি হলো— উচ্চতা। দৈর্ঘ্য ও প্রস্থ সম্বলিত দ্বিমাত্রিক বস্তুকে আমরা যেমন আয়তাকার বলি, তেমনি দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সম্বলিত ত্রিমাত্রিক বস্তুকে ঘনক আকার বলি। এই অভিজ্ঞতায় আমরা এ সকল ঘনবস্তুর মাধ্যমে দ্বিপদী এবং ত্রিপদী রাশির ব্যবহার শিখব। আমরা ঘনবস্তুতে দ্বিপদী ও ত্রিপদী রাশি খুঁজি অধ্যায়ের উপরের ভূমিকা দিয়েছি কিছুটা ধারণা দেবার জন্য, কিন্তু আমরা মূলত এখানে ৮ম শ্রেণির ৩য় অধ্যায়ের অনুশীলনীর সমাধান করেছি। তাহলে শুরু করি—

#### অনুশীলনী-৩ (৮ম শ্রেণি)



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)



১. নিচের কোনটি দ্বিপদী রাশি নয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

ক)  $xy+3x$

খ)  $xy$

গ)  $x+y-1$

ঘ)  $x^2-2x+1$

ঙ)  $y^2$

**সমাধানঃ**

ক)  $xy+3x$  একটি দ্বিপদী রাশি কারণ এই রাশিটিতে দুইটি পদ  $xy$  ও  $3x$  আছে।

খ)  $xy$  একটি দ্বিপদী রাশি নয় কারণ এই রাশিটিতে ১টি পদ  $xy$  আছে।

গ)  $x+y-1$  একটি দ্বিপদী রাশি নয় কারণ এই রাশিটিতে ৩টি পদ  $x$ ,  $y$ ,  $1$  আছে।

ঘ)  $x^2-2x+1$  একটি দ্বিপদী রাশি নয় কারণ এই রাশিটিতে ৩টি পদ  $x^2$ ,  $2x$ ,  $1$  আছে।

ঙ)  $y^2$  একটি দ্বিপদী রাশি নয় কারণ এই রাশিটিতে ১টি পদ  $y^2$  আছে।

২. নিচের দ্বিপদী রাশিগুলো থেকে এক চলক ও দুই চলকবিশিষ্ট দ্বিপদী রাশি চিহ্নিত করো।


ক)  $x+1$

খ)  $3x+5$

গ)  $x-3$

ঘ)  $5x-2$

ঙ)  $2x+3y$





## ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

চ)  $x^2+1$

ছ)  $x^2-y$

জ)  $x^2+y^2$

**সমাধানঃ**

ক)  $x+1$  হলো একটি এক চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

খ)  $3x+5$  হলো একটি এক চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

গ)  $x-3$  হলো একটি এক চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

ঘ)  $5x-2$  হলো একটি এক চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

ঙ)  $2x+3y$  হলো একটি দুই চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

চ)  $x^2+1$  হলো একটি এক চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

ছ)  $x^2-y$  হলো একটি দুই চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

জ)  $x^2+y^2$  হলো একটি দুই চলক বিশিষ্ট দ্বিপদী রাশি।

৩. নিচের বীজগাণিতিক রাশি থেকে এক চলক, দুই চলক ও তিন চলকবিশিষ্ট ত্রিপদী রাশি চিহ্নিত করো।

ক)  $x+y+3$

খ)  $x^2+3x+5$

গ)  $xy+z-3$

ঘ)  $5x+y^2-2$


ঙ)  $2x+3y-z$

চ)  $y^2-y+1$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

ছ)  $x^2 - yz + 2$

জ)  $x^2 + y^2 - y$

**সমাধানঃ**

ক)  $x + y + 3$  হলো একটি দুই চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

খ)  $x^2 + 3x + 5$  হলো একটি এক চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

গ)  $xy + z - 3$  হলো একটি তিন চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

ঘ)  $5x + y^2 - 2$  হলো একটি দুই চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

ঙ)  $2x + 3y - z$  হলো একটি তিন চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

চ)  $y^2 - y + 1$  হলো একটি এক চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

ছ)  $x^2 - yz + 2$  হলো একটি তিন চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

জ)  $x^2 + y^2 - y$  হলো একটি দুই চলক বিশিষ্ট ত্রিপদী রাশি।

৪. নিচের ত্রিপদী রাশির ঘন নির্ণয় করো।

ক)  $x + y + 3$

**সমাধানঃ**

$$(x + y + 3)^3$$

$$= \{(x + y) + 3\}^3$$

$$= (x + y)^3 + 3(x + y)^2 \times 3 + 3(x + y) \times 3^2 + 3^3 \text{ [সূত্রানুসারে]}$$

$$= x^3 + 3x^2y + 3xy^2 + y^3 + 3(x^2 + 2xy + y^2) \times 3 + 3(x + y) \times 9 + 27$$

$$= x^3 + 3x^2y + 3xy^2 + y^3 + 9(x^2 + 2xy + y^2) + 27(x + y) + 27$$

$$= x^3 + 3x^2y + 3xy^2 + y^3 + 9x^2 + 18xy + 9y^2 + 27x + 27y + 27$$



ध)  $2x+3y-z$

समाधानः

$$(2x+3y-z)^3$$

$$= \{(2x+3y)-z\}^3$$

$$= (2x+3y)^3 - 3(2x+3y)^2 \times z + 3(2x+3y) \times z^2 - z^3 \text{ [सूत्रानुसारे]}$$

$$= (2x)^3 + 3 \cdot (2x)^2 \cdot 3y + 3 \cdot 2x \cdot (3y)^2 + (3y)^3 - 3\{(2x)^2 + 2 \cdot 2x \cdot 3y + (3y)^2\} \times z + 3z^2(2x+3y) - z^2$$

$$= 8x^3 + 36x^2y + 6x \cdot 9y^2 + 27y^3 - 3(4x^2 + 12xy + 9y^2) \times z + 6z^2x + 9z^2y - z^2$$

$$= 8x^3 + 36x^2y + 54xy^2 + 27y^3 - 12x^2z - 36xyz - 27y^2z + 6z^2x + 9z^2y - z^2$$

ग)  $x^2+3x+5$

समाधानः

$$(x^2+3x+5)^3$$

$$= \{(x^2+3x)+5\}^3$$

$$= (x^2+3x)^3 + 3(x^2+3x)^2 \cdot 5 + 3(x^2+3x) \cdot 5^2 + 5^3$$


$$= (x^2)^3 + 3 \cdot (x^2)^2 \cdot 3x + 3x^2 \cdot (3x)^2 + (3x)^3 + 15(x^2+3x)^2 + 3(x^2+3x) \cdot 25 + 125$$

$$= x^6 + 3 \cdot x^4 \cdot 3x + 3x^2 \cdot 9x^2 + 27x^3 + 15\{(x^2)^2 + 2x^2 \cdot 3x + (3x)^2\} + 75(x^2+3x) + 125$$

$$= x^6 + 9x^5 + 27x^4 + 27x^3 + 15x^4 + 90x^3 + 135x^2 + 75x^2 + 225x + 125$$

$$= x^6 + 9x^5 + 42x^4 + 117x^3 + 210x^2 + 225x + 125$$

घ)  $xy+z-3$



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

সমাধানঃ

$$\begin{aligned}
 & (xy+z-3)^3 \\
 &= \{(xy+z)-3\}^3 \\
 &= (xy+z)^3 - 3(xy+z)^2 \cdot 3 + 3(xy+z) \cdot 3^2 - 3^3 \\
 &= (xy)^3 + 3(xy)^2 \cdot z + 3xy \cdot z^2 + z^3 - 9\{(xy)^2 + 2xyz + z^2\} + 3(xy+z) \cdot 9 - 27 \\
 &= x^3y^3 + 3x^2y^2z + 3xyz^2 + z^3 - 9\{x^2y^2 + 2xyz + z^2\} + 27(xy+z) - 27 \\
 &= x^3y^3 + 3x^2y^2z + 3xyz^2 + z^3 - 9x^2y^2 - 18xyz - 9z^2 + 27xy + 27z - 27
 \end{aligned}$$

৫. বীজগাণিতিক নিয়ম ব্যবহার করে উৎপাদকে বিশ্লেষণ করোঃ

ক)  $x^3+1$

সমাধানঃ

$$\begin{aligned}
 & x^3+1 \\
 &= x^3+1^3 \\
 &= (x+1)(x^2-x \cdot 1+1^2) \\
 &= (x+1)(x^2-x+1)
 \end{aligned}$$

খ)  $x^3-1$


সমাধানঃ

$$\begin{aligned}
 & x^3-1 \\
 &= x^3-1^3
 \end{aligned}$$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

$$= (x-1)(x^2+x.1+1^2)$$

$$= (x-1)(x^2+x+1)$$

গ)  $x^6-729$

সমাধানঃ

$$x^6-729$$

$$=(x^3)^2-27^2$$

$$= (x^3-27)(x^3+27)$$

$$= (x^3-3^3)(x^3+3^3)$$

$$= (x-3)(x^2+x.3+3^2)(x+3)(x^2-x.3+3^2)$$

$$=(x-3)(x^2+3x+9)(x+3)(x^2-3x+9)$$

ঘ)  $x^3+3x^2+3x+9$

সমাধানঃ

$$x^3+3x^2+3x+9$$

$$= x^3+3.x^2.1+3.x.1^2 + 1^3 + 8$$

$$= (x+1)^3 + 2^3$$

$$= (x+1+2)\{(x+1)^2-(x+1).2+2^2\}$$

$$= (x+3)(x^2+2x+1-2x-2+4)$$

$$= (x+3)(x^2+3)$$



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

৬. একটি চকোলেট তৈরির ফ্যাক্টুরিতে 2 ফুট এবং 3 ফুট দৈর্ঘ্যবিশিষ্ট দুইটি ঘনক আকৃতির কন্টেইনারে পূর্ণকরে চকোলেটের কাচামাল রাখা আছে।

ক) কোনো কাঁচামাল নষ্ট না হলে, দুইটি কন্টেইনারের কাচামালকে একত্র করে  $1'' \times 1'' \times 2''$  আকারের কতগুলো চকোলেট তৈরি করা যাবে?

**সমাধানঃ**

আমরা জানি,

$$1 \text{ ফুট} = 12 \text{ ইঞ্চি}$$

$$\therefore 2 \text{ ফুট} = 12 \times 2 = 24 \text{ ইঞ্চি}$$

$$\therefore 3 \text{ ফুট} = 12 \times 3 = 36 \text{ ইঞ্চি}$$

তাহলে,

$$2 \text{ ফুট দৈর্ঘ্যবিশিষ্ট ঘনক আকৃতির কন্টেইনারের আয়তন} = 24 \times 24 \times 24 \text{ ঘন ইঞ্চি} = 13824 \text{ ঘন ইঞ্চি।}$$

$$\text{এবং, } 3 \text{ ফুট দৈর্ঘ্যবিশিষ্ট ঘনক আকৃতির কন্টেইনারের আয়তন} = 36 \times 36 \times 36 \text{ ঘন ইঞ্চি} = 46656 \text{ ঘন ইঞ্চি।}$$

$$\therefore \text{দুইটি কন্টেইনারের মোট আয়তন} = 13824 + 46656 = 60480 \text{ ঘন ইঞ্চি।}$$

$$\text{এখন, একটি চকোলেটের আয়তন বা আকার} = 1'' \times 1'' \times 2'' = 2 \text{ ঘন ইঞ্চি।}$$

$$\therefore \text{পরিপূর্ণ দুইটি কন্টেইনারের কাচামালে চকোলেট তৈরি করা যাবে } (60480 \div 2) \text{ টি} = 30240 \text{ টি।}$$

খ) কোনো কাঁচামাল নষ্ট না হলে, দুইটি কন্টেইনারের কাচামালকে একত্র করে  $5'' \times 7'' \times 1''$  আকারের কতগুলো চকোলেট তৈরি করা যাবে?


**সমাধানঃ**

ক হতে পাই,

$$\text{দুইটি কন্টেইনারের মোট আয়তন} 60480 \text{ ঘন ইঞ্চি।}$$

$$\text{এখন, একটি চকোলেটের আয়তন বা আকার} = 5'' \times 7'' \times 1'' = 35 \text{ ঘন ইঞ্চি।}$$

$$\therefore \text{পরিপূর্ণ দুইটি কন্টেইনারের কাচামালে চকোলেট তৈরি করা যাবে } (60480 \div 35) \text{ টি} = 1728 \text{ টি।}$$



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

গ)  $5'' \times 7'' \times 1''$  আকারের 1440 টি চকোলেট বার তৈরি হলে কী পরিমাণ কাঁচামাল নষ্ট হয়েছে।

সমাধানঃ

$$5'' \times 7'' \times 1'' = 35 \text{ ঘন ইঞ্চি};$$

$\therefore 5'' \times 7'' \times 1''$  আকারের 1440 টি চকোলেট বার এর মোট আয়তন =  $35 \times 1440$  ঘন ইঞ্চি = 50400 ঘন ইঞ্চি।

এখন, ক হতে পাই,

দুইটি কন্টেইনারের মোট আয়তন 60480 ঘন ইঞ্চি;

অর্থাৎ, পরিপূর্ণ কন্টেইনারে 60480 ঘন ইঞ্চি পরিমাণ কাঁচামালের থেকে 50400 ঘন ইঞ্চি দিয়ে চকোলেট বার তৈরি হয়েছে এবং বাকী অংশ নষ্ট হয়েছে।

$$\therefore \text{কাঁচামাল নষ্ট হয়েছে} = (60480 - 50400) \text{ ঘন ইঞ্চি} = 10080 \text{ ঘন ইঞ্চি।}$$

৭. লতার বাবার একটি মাছ চাষের খামার আছে। খামারে একটি পুকুর আছে যার দৈর্ঘ্য, প্রস্থ ও পানির গভীরতা যথাক্রমে 50 মিটার, 40 মিটার এবং 5 মিটার। আয়তন ঠিক রেখে পানির গভীরতা 3 মিটার কমালে দৈর্ঘ্য কী পরিমাণ বাড়বে?

সমাধানঃ

১ম শর্তে,

পুকুরের আয়তন

$$= \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ} \times \text{গভীরতা}$$


$$= 50 \times 40 \times 5 \text{ ঘন মিটার}$$

$$= 10000 \text{ ঘন মিটার}$$

২য় শর্তমতে,

$$\text{গভীরতা} = 5 - 3 \text{ মিটার} = 2 \text{ মিটার};$$

$$\text{প্রস্থ} = 40 \text{ মিটার};$$



## ← ৩য় অধ্যায় (অনুশীলনীঃ ১-৭ পর্যন্ত)

দৈর্ঘ্য =  $x$  (ধরি);

আয়তন = 10000 ঘন মিটার।

$\therefore x \cdot 40 \cdot 2 = 10000$

বা,  $80x = 10000$

বা,  $x = 10000/80 = 125$

$\therefore$  আয়তন ঠিক রেখে পানির গভীরতা 3 মিটার কমালে দৈর্ঘ্য বাড়বে =  $125 - 50$  মিটার = 75 মিটার।

If it is helpful for  
you,  
donate us please

Bkash Personal

01916973743





## অধ্যায় - ৪

ক্ষুদ্র সঞ্চয়ে ভবিষ্যৎ গড়ি - Class 8 Math BD 2024 - ৪র্থ অধ্যায়  
(অনুশীলনীঃ ১ - ২৩ পর্যন্ত)

### ক্ষুদ্র সঞ্চয়ে ভবিষ্যৎ গড়ি

ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে ভবিষ্যৎ উন্নয়নের (Build a future with small savings) জন্য আমাদের শিক্ষার্থীদের কুল ব্যাংকিং-এ উৎসাহিত করা হয়েছে। কুল ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীরা ক্ষুদ্র পরিমাণের অর্থ ব্যাংকে জমা রেখে নিয়ম মাসিক মুনাফা পেতে পারে। বিভিন্ন সময়ের সঞ্চয়ের যথাযথ হিসাব রাখা এবং সঞ্চয় বিনিয়োগের মাধ্যমে মুনাফা নির্ণয় করার জন্য গাণিতিক হিসাব জানা গুরুত্বপূর্ণ। এই অধ্যয়ে আমরা সঞ্চয়ের হিসাব রাখা এবং মুনাফা নির্ণয়ের পদ্ধতির মাধ্যমে গাণিতিক সমস্যার সমাধান করব। ক্ষুদ্র সঞ্চয়ে ভবিষ্যৎ গড়ি কথাটা আমাদের জীবন পরিবর্তন করতে পারে, এই অধ্যয়ে আমরা ১-২৩ পর্যন্ত সকল সমাধান করেছি।

### অনুশীলনী - ৪ (৮ম শ্রেণি)

### ক্ষুদ্র সঞ্চয়ে ভবিষ্যৎ গড়ি

এই অভিজ্ঞতায় শিখতে পারবে

- সরল মুনাফা
- চক্রবৃদ্ধি মুনাফা
- লাভ ও ক্ষতি



Tk.100 off  
your first order!



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

১. রইস ৩৫০০০ টাকা ৩ বছরের জন্য ব্যাংকে জমা রাখল। যদি সরল মুনাফার হার ৭% হয়, ৩ বছর পরে রইছের কত টাকা মুনাফা হবে? [এটা ক্ষুদ্র সঙ্কে ভবিষ্যৎ গড়ি এর ১ম প্রশ্ন]

**সমাধানঃ**

সরল মুনাফার সূত্র থেকে আমরা জানি,

$$I = Pnr$$

যেখানে,

আসল,  $P = ৩৫০০০$  টাকা;

সময়,  $n = ৩$  বছর;

মুনাফার হার,  $r = ৭\% = \frac{৭}{১০০}$

$$\begin{aligned} \therefore \text{মুনাফা } I &= ৩৫০০০ \times ৩ \times \left(\frac{৭}{১০০}\right) \text{ টাকা} \\ &= ৭৩৫০ \text{ টাকা।} \end{aligned}$$

তাহলে, ৩ বছর পরে রইছের মুনাফা হবে ৭৩৫০ টাকা।

২. জেবিন তার বন্ধুর সঙ্গে ব্যবসার শেয়ার থেকে ৬ মাসে ২৩০০০ টাকা মুনাফা পেল। মুনাফার হার ৮% হলে, ঐ ব্যবসায় জেবিনের মূলধন কত?

**সমাধানঃ**

দেওয়া আছে,


সময়,  $n = ৬$  মাস =  $\frac{১}{২}$  বছর;

মুনাফা,  $I = ২৩০০০$  টাকা;

মুনাফার হার,  $r = ৮\% = \frac{৮}{১০০} = ০.০৮$

আসল,  $P = ?$

এখন, সরল মুনাফার ক্ষেত্রে,



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$I = Pnr$$

$$\text{বা, } P = I/nr$$

$$\text{বা, } P = ২৩০০০ / (১/২ \times ০.০৮)$$

$$\text{বা, } P = ৫৭৫০০০ \text{ টাকা।}$$

∴ ঐ ব্যবসায় জেবিনের মূলধন ৫৭৫০০০ টাকা।

৩. শিমুল ৮০০০০ টাকা কোনো ব্যবসায় খাটিয়ে ২ বছরে ১৭৫০০০ টাকা মুনাফা পেল। শিমুলের শতকরা কত টাকা মুনাফা হলো?

**সমাধানঃ**

দেওয়া আছে,

সময়,  $n = ২$  বছর;

মুনাফা,  $I = ১৭৫০০০$  টাকা;

আসল,  $P = ৮০০০০$  টাকা

মুনাফার হার,  $r = ?$

এখন, সরল মুনাফার ক্ষেত্রে,

$$I = Pnr$$

$$\text{বা, } r = I/Pn$$

$$\text{বা, } r = ১৭৫০০০ / (৮০০০০ \times ২)$$

$$\text{বা, } r = ১.০৯৩৭৫ = ১০.৯৩৭৫\%$$


∴ শিমুলের শতকরা মুনাফা হলো ১০.৯৩৭৫%।

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743

৪. জনি ৫০০০০ টাকা ব্যাংকে জমা রাখল। মুনাফার হার ৭.৫% হলে কত বছরে জনি ৩০০০০০



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

টাকা মুনাফা পাবে?

সমাধানঃ

দেওয়া আছে,

মুনাফা,  $I = ৩০০০০০$  টাকা;

আসল,  $P = ৫০০০০$  টাকা;

মুনাফার হার,  $r = ৭.৫\% = ০.০৭৫$ ;

সময়,  $n = ?$ ;

এখন, সরল মুনাফার ক্ষেত্রে,

$$I = Pnr$$

$$\text{বা, } n = I/P_r$$

$$\text{বা, } n = ৩০০০০০ / (৫০০০০ \times ০.০৭৫)$$

$$\text{বা, } n = ৮০ \text{ বছর}$$

∴ নির্ণেয় সময় = ৮০ বছর।

৫. ১০% মুনাফা হারে ৩ লক্ষ টাকা কত বছরের মুনাফা-আসলে দ্বিগুণ হবে?

সমাধানঃ


দেওয়া আছে,

মুনাফার হার,  $r = ১০\% = ০.১$

আসল,  $P = ৩০০০০০$  টাকা

মুনাফা-আসল =  $৩০০০০০ \times ২$  টাকা =  $৬০০০০০$  টাকা

মুনাফা,  $I = \text{মুনাফা-আসল} - \text{আসল} = (৬০০০০০ - ৩০০০০০)$  টাকা =  $৩০০০০০$  টাকা।



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

সময়,  $n = ?$

এখন, আমরা জানি,

$$I = Pnr$$

$$\text{বা, } n = I/P_r$$

$$\text{বা, } n = ৩০০০০০/(৩০০০০০ \times ০.১)$$

$$\text{বা, } n = ১০ \text{ বছর।}$$

∴ ১০% মুনাফা হারে ৩ লক্ষ টাকা ১০ বছরের মুনাফা-আসলে দ্বিগুণ হবে।

৬. ৫০০০০ টাকা ৭ বছরে মুনাফা-আসলে ১২০০০০ টাকা হলে মুনাফার হার কত?

সমাধানঃ

দেওয়া আছে,

$$\text{মুনাফা-আসল} = ১২০০০০ \text{ টাকা}$$

$$\text{আসল, } P = ৫০০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{মুনাফা, } I = (১২০০০০ - ৫০০০০) \text{ টাকা} = ৭০০০০ \text{ টাকা।}$$

$$\text{এবং, } n = ৭ \text{ বছর;}$$

$$\text{মুনাফার হার, } r = ?$$

এখন, আমরা জানি,

$$I = Pnr$$

$$\text{বা, } r = I/Pn$$

$$\text{বা, } r = ৭০০০০/(৫০০০০ \times ৭)$$

$$\text{বা, } r = ০.২ = ২০\%$$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

∴ মুনাফার হার ২০%

৭. কোনো মূলধন ৫ বছরে যে মুনাফা হারে মুনাফা-আসলে দ্বিগুণ হয়, সেই মুনাফা হারে ৮ বছরে মুনাফা- আসলে ২৬০০০ টাকা হবে। মূলধন কত?

সমাধানঃ

ধরি, মূলধন =  $x$  এবং মুনাফা হার =  $r$

∴  $x$  মূলধনে ৫ বছরে  $r$  হারে মুনাফা =  $৫xr$  টাকা।

১ম শর্তমতে,

$৫xr = ২x$  [∴ মূলধন মুনাফা-আসলে দ্বিগুণ হয়]

বা,  $৫r = ২$

বা,  $r = \frac{২}{৫} = ০.৪$

আবার,

$x$  মূলধনে ৮ বছরে ০.৪ হারে মুনাফা =  $৮ \times x \times ০.৪$  টাকা ৩.২ $x$  টাকা।

∴  $x$  মূলধনে ৮ বছরে ০.৪ হারে মুনাফা-আসল =  $(x + ৩.২x)$  টাকা = ৪.২ $x$  টাকা।

আবার, ২য় শর্তমতে,

$৪.২x = ২৬০০০$


বা,  $x = \frac{২৬০০০}{৪.২} = ৬১৯০.৪৭৬১৯$  টাকা।

∴ মূলধন = ৬১৯০.৪৭৬১৯ টাকা।

৮. ৯% হারে ২০০০ টাকার ১০ বছরের মুনাফা, ৮% হারে ৫০০০ টাকার কত বছরের মুনাফার সমান?

সমাধানঃ

৯% হারে ২০০০ টাকার ১০ বছরের মুনাফা



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$= ২০০০ \times ১০ \times ৯\% \text{ টাকা}$$

$$= ২০০০ \times ১০ \times ০.০৯ \text{ টাকা}$$

$$= ১৮০০ \text{ টাকা।}$$

আবার,

৮% হারে ৫০০০ টাকার  $n$  বছরের মুনাফা

$$= ৫০০০ \times n \times ৮\% \text{ টাকা}$$

$$= ৫০০০ \times n \times ০.০৮ \text{ টাকা}$$

$$= ৪০০n \text{ টাকা।}$$

শর্তমতে,

$$৪০০n = ১৮০০$$

$$\text{বা, } n = ১৮০০/৪০০ = ৪.৫ \text{ বছর।}$$

$$\therefore \text{নির্ণেয় সময়} = ৪.৫ \text{ বছর।}$$

৯. ১৩% হারে ২৫০০০ টাকার ৬ বছরের মুনাফা, কত মুনাফা হারে ২০০০০ টাকার ৮ বছরের মুনাফার সমান?

সমাধানঃ

১৩% হারে ২৫০০০ টাকার ৬ বছরের মুনাফা


$$= ২৫০০০ \times ৬ \times ১৩\% \text{ টাকা}$$

$$= ২৫০০০ \times ৬ \times ০.১৩ \text{ টাকা}$$

$$= ১৯৫০০ \text{ টাকা।}$$

আবার,

$r$  মুনাফা হারে ২০০০০ টাকার ৮ বছরের মুনাফা



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$= ২০০০০ \times ৮ \times ২ \text{ টাকা}$$

$$= ১৬০০০০২ \text{ টাকা।}$$

শর্তমতে,

$$১৬০০০০২ = ১৯৫০০$$

$$\text{বা, } r = \frac{১৯৫০০}{১৬০০০০} = ০.১২১৮৭৫ = ১২.১৮৭৫\%$$

$$\therefore \text{নির্ণেয় মুনাফা হার} = ১২.১৮৭৫\%$$

১০. তানজিলা ৩০ হাজার টাকা ৫ বছরের জন্য এবং রায়হান ২০ হাজার টাকা ৭ বছরের জন্য ব্যাংকে জমা রাখল। যদি উভয়ের জন্য মুনাফা হার ৮% হয়, তবে কে এবং কত বেশি লাভবান হবে?

**সমাধানঃ**

৮% হারে ৩০০০০ টাকার ৫ বছরের মুনাফা

$$= ৩০০০০ \times ৫ \times ৮\% \text{ টাকা}$$

$$= ৩০০০০ \times ৫ \times ০.০৮ \text{ টাকা}$$

$$= ১২০০০ \text{ টাকা।}$$

আবার,

৮% হারে ২০০০০ টাকার ৭ বছরের মুনাফা

$$= ২০০০০ \times ৭ \times ৮\% \text{ টাকা}$$

$$= ২০০০০ \times ৭ \times ০.০৮ \text{ টাকা}$$

$$= ১১২০০ \text{ টাকা।}$$

$$\therefore \text{তানজিলা বেশি লাভবান হবে এবং এই বেশি লাভের পরিমাণ} = (১২০০০ - ১১২০০) \text{ টাকা} = ৮০০ \text{ টাকা।}$$

১১. শরিফা ৭০ হাজার টাকা ৮% মুনাফা হারে এবং জহির ৫০ হাজার টাকা ১২% মুনাফা হারে



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

ব্যাংকে জমা রাখল। ৬ বছর পরে কে এবং কত বেশি লাভবান হবে?

**সমাধানঃ**

৭০ হাজার টাকা ৮% মুনাফা হারে ৬ বছরের মুনাফা

$$= ৭০০০০ \times ৬ \times ৮\% \text{ টাকা}$$

$$= ৭০০০০ \times ৬ \times ০.০৮ \text{ টাকা}$$

$$= ৩৩৬০০ \text{ টাকা।}$$

আবার,

৫০ হাজার টাকা ১২% মুনাফা হারে ৬ বছরের মুনাফা

$$= ৫০০০০ \times ৬ \times ১২\% \text{ টাকা}$$

$$= ৫০০০০ \times ৬ \times ০.১২ \text{ টাকা}$$

$$= ৩৬০০০ \text{ টাকা।}$$

∴ জহির বেশি লাভবান হবে এবং এই বেশি লাভের পরিমাণ = (৩৬০০০ - ৩৩৬০০০) টাকা = ২৪০০ টাকা।

১২. ৮% মুনাফা হারে ৭৫ হাজার টাকার ৫ বছরের -

(ক) সরল মুনাফা কত?

**সমাধানঃ**

এখানে,


$$r = ৮\% = ০.০৮;$$

$$P = ৭৫০০০ \text{ টাকা};$$

$$n = ৫ \text{ বছর};$$

∴ সরল মুনাফা, I

$$= Pnr$$



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$= ৭৫০০০ \times ৫ \times ০.০৮$$

$$= ৩০০০০ \text{ টাকা।}$$

(খ) চক্রবৃদ্ধি মুনাফা কত?

সমা-ধানঃ

এখানে,

$$r = ৮\% = ০.০৮;$$

$$P = ৭৫০০০ \text{ টাকা;}$$

$$n = ৫ \text{ বছর;}$$

∴ চক্রবৃদ্ধি মুনাফা, C

$$= P[(1+r)^n - 1]$$

$$= ৭৫০০০[(1+০.০৮)^৫ - 1]$$

$$= ৭৫০০০[১.০৮^৫ - ১]$$

$$= ৩৫১৯৯.৬০৬ \text{ টাকা।}$$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743

(গ) সরল মুনাফা এবং চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত?

সমা-ধানঃ


ক ও খ হতে প্রাপ্ত তথ্য থেকে পাই,

চক্রবৃদ্ধি মুনাফা - সরল মুনাফা

$$= ৩৫১৯৯.৬০৬ \text{ টাকা} - ৩০০০০ \text{ টাকা}$$

$$= ৫১৯৯.৬০৬ \text{ টাকা।}$$

∴ সরল মুনাফা এবং চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য ৫১৯৯.৬০৬ টাকা।



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

(ঘ) ৪ মাস অন্তর মুনাফাভিত্তিক চক্রবৃদ্ধি মুনাফা কত?

সমা-ধানঃ

এখানে,

৪ মাস =  $\frac{8}{12}$  বছর =  $\frac{2}{3}$  বছর।

এক বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা =  $12 \div 4 = 3$  বার।

$\therefore$  ৫ বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা =  $3 \times 5 = 15$  বার, অর্থাৎ  $n = 15$

৪ মাস বা  $\frac{2}{3}$  বছরে চক্রবৃদ্ধি মুনাফার হার,  $r = \frac{2}{3} \times 8\% = \frac{8}{1500}$

$\therefore$  চক্রবৃদ্ধি মুনাফা, C

$$= P[(1+r)^n - 1]$$

$$= 95000[(1 + \frac{8}{1500})^{15} - 1]$$

$$= 36302.0625 \text{ টাকা।}$$

(ঙ) ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক চক্রবৃদ্ধি মুনাফা কত?

সমা-ধানঃ

এখানে,

৩ মাস =  $\frac{3}{12}$  বছর =  $\frac{1}{4}$  বছর।

এক বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা =  $12 \div 3 = 4$  বার।

$\therefore$  ৫ বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা =  $4 \times 5 = 20$  বার, অর্থাৎ  $n = 20$

৩ মাস বা  $\frac{1}{4}$  বছরে চক্রবৃদ্ধি মুনাফার হার,  $r = \frac{1}{4} \times 8\% = 0.02$

$\therefore$  চক্রবৃদ্ধি মুনাফা, C



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$= P[(1+r)^n - 1]$$

$$= ৭৫০০০[(1+০.০২)^{২০} - 1]$$

$$= ৩৬৪৪৬.০৫৫ \text{ টাকা।}$$

১৩. জুবায়ের এবং রিয়া উভয়ে ৭% হারে ৬ বছরের জন্য ২৫ হাজার টাকা করে ব্যাংকে জমা রাখল। যদি জুবায়ের সরল হারে এবং রিয়া চক্রবৃদ্ধি হারে মুনাফা পায়, তবে কে বেশি লাভবান হবে এবং ৬ বছর পরে মুনাফা-আসলে কার কত টাকা হবে?

সমা.ধানঃ

এখানে,

$$r = ৭\% = ০.০৭$$

$$n = ৬$$

$$P = ২৫০০০$$

জুবায়েরের ক্ষেত্রে,

সরল মুনাফা, I

$$= Pnr$$

$$= ২৫০০০ \times ৬ \times ০.০৭$$

$$= ১০৫০০ \text{ টাকা।}$$

$$\text{এবং মুনাফা-আসল} = (২৫০০০ + ১০৫০০) \text{ টাকা} = ৩৫৫০০ \text{ টাকা।}$$

আবার,

রিয়ার ক্ষেত্রে,

চক্রবৃদ্ধির মুনাফা, C

$$= P[(1+r)^n - 1]$$

## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$= ২৫০০০[(1+0.০৭)^৬-1]$$

$$= ১২৫১৮.২৫৮৭ \text{ টাকা।}$$

$$\text{এবং মুনাফা-আসল} = (২৫০০০+১২৫১৮.২৫৮৭) \text{ টাকা} = ৩৭৫১৮.২৫৮৭ \text{ টাকা।}$$

∴ উপরোক্ত প্রাপ্ত তথ্য হতে পাই,

$$১২৫১৮.২৫৮৭ > ১০৫০০; \text{ অর্থাৎ, রিয়া বেশি লাভবান হবে।}$$

$$\text{জুবায়ের এর মুনাফা-আসল হবে} = ৩৫৫০০ \text{ টাকা}$$

এবং,

$$\text{রিয়া এর মুনাফা-আসল হবে} = ৩৭৫১৮.২৫৮৭ \text{ টাকা।}$$

১৪. আহসান এবং তাহসিনা উভয়ে ১১% মুনাফা হারে ৫ বছরের জন্য ২০ হাজার টাকা করে ব্যাংকে জমা রাখল। যদি আহসান ৬ মাস অন্তর মুনাফাভিত্তিক এবং তাহসিনা ৪ মাস অন্তর মুনাফাভিত্তিক চক্রবৃদ্ধি হারে মুনাফা পায়, তবে কে বেশি লাভবান হবে এবং ৫ বছর পরে কার কত টাকা মূলধন হবে?

**সমা. ধানঃ**

**৬ মাস অন্তর মুনাফার ক্ষেত্রেঃ**

$$৬ \text{ মাস} = \frac{৬}{১২} \text{ বছর} = \frac{১}{২} \text{ বছর।}$$

$$\text{এক বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা} = ১২ \div ৬ = ২ \text{ বার।}$$

$$\therefore ৫ \text{ বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা} = ২ \times ৫ = ১০ \text{ বার, অর্থাৎ } n = ১০$$


$$৬ \text{ মাস বা } \frac{১}{২} \text{ বছরে চক্রবৃদ্ধি মুনাফার হার, } r = \frac{১}{২} \times ১১\% = ০.০৫৫$$

∴ চক্রবৃদ্ধি মুনাফা, C

$$= P[(1+r)^n-1] \text{ [এখানে, } P=২০০০০]$$

$$= ২০০০০[(1+0.০৫৫)^{১০}-1]$$

$$= ১৪১৬২.৮৮৯২ \text{ টাকা।}$$



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

∴ মুনাফা-আসল বা মূলধন =  $(২০০০০ + ১৪১৬২.৮৮৯২)$  টাকা = ৩৪১৬২.৮৮৯২ টাকা।

**৪ মাস অন্তর মুনাফার ক্ষেত্রেঃ**

৪ মাস =  $\frac{৪}{১২}$  বছর =  $\frac{১}{৩}$  বছর।

এক বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা =  $১২ \div ৪ = ৩$  বার।

∴ ৫ বছরে মুনাফা প্রাপ্তির সংখ্যা =  $৩ \times ৫ = ১৫$  বার, অর্থাৎ  $n = ১৫$

৪ মাস বা  $\frac{১}{৩}$  বছরে চক্রবৃদ্ধি মুনাফার হার,  $r = \frac{১}{৩} \times ১১\% = \frac{১১}{৩০০}$

∴ চক্রবৃদ্ধি মুনাফা,  $C$

=  $P[(1+r)^n - 1]$  [এখানে,  $P=২০০০০$ ]

=  $২০০০০[(1 + \frac{১১}{৩০০})^{১৫} - 1]$

= ১৪৩২৫.৫১১ টাকা।

∴ মুনাফা-আসল বা মূলধন =  $(২০০০০ + ১৪৩২৫.৫১১)$  টাকা = ৩৪৩২৫.৫১১ টাকা।

∴ উপরোক্ত প্রাপ্ত তথ্য হতে পাই,

$১৪১৬২.৮৮৯২ < ১৪৩২৫.৫১১$ ; অর্থাৎ, তাহসিনা বেশি লাভবান হবে।

∴ ৫ বছর পর আহসান এবং তাহসিনা এর মূলধন হবে যথাক্রমে ৩৪১৬২.৮৮৯২ এবং ৩৪৩২৫.৫১১ টাকা।


১৫. এক ব্যক্তি একটি ঋণদান সংস্থা থেকে ১১% চক্রবৃদ্ধি হারে প্রতি মাস অন্তর মুনাফা ভিত্তিক ৫০ হাজার টাকা ঋণ নিলেন। যদি ঐ ব্যক্তি প্রতি মাসে ১২০০০ টাকা করে ঋণ পরিশোধ করে, তবে-

(ক) ১ মাস পরে আর কত টাকা ঋণ থাকবে?

(খ) ২ মাস পরে আর কত টাকা ঋণ থাকবে?

(গ) ৩ মাস পরে আর কত টাকা ঋণ থাকবে?

সমাধানঃ



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

### ১ মাস অন্তর ঋণের ক্ষেত্রেঃ

১ মাস =  $\frac{1}{12}$  বছর।

এক বছরে ঋণ বৃদ্ধির সংখ্যা =  $12 \div 1 = 12$  বার।

∴ প্রতি মাসে ১ বার করে ঋণ বৃদ্ধি হবে অর্থাৎ  $n =$  মাস সংখ্যা।

১ মাস বা  $\frac{1}{12}$  বছরে চক্রবৃদ্ধি ঋণ বৃদ্ধির হার,  $r = \frac{1}{12} \times 11\% = \frac{11}{1200}$

(ক)

১ মাস পর চক্রবৃদ্ধি মূলঋণ,  $A_1$

$$= P(1+r)^n \text{ [এখানে, } P=50000\text{]}$$

$$= 50000(1+\frac{11}{1200})^1$$

$$= 50858.3335 \text{ টাকা।}$$

ঐ ব্যক্তি ১ মাসে ঋণ শোধ করে = ১২০০০ টাকা।

∴ ১ মাস পরে ঐ ব্যক্তির আর ঋণ থাকবে =  $(50858.3335 - 12000)$  টাকা = ৩৮৮৫৮.৩৩৩৫ টাকা।

(খ)

২ মাস পর চক্রবৃদ্ধি মূলঋণ,  $A_2$

$$= P(1+r)^n \text{ [এখানে, } P=50000\text{]}$$


$$= 50000(1+\frac{11}{1200})^2$$

$$= 50920.8685 \text{ টাকা।}$$

ঐ ব্যক্তি ২ মাসে ঋণ শোধ করে =  $12000 \times 2$  টাকা = ২৪০০০ টাকা।

∴ ২ মাস পরে ঐ ব্যক্তির আর ঋণ থাকবে =  $(50920.8685 - 24000)$  টাকা = ২৬৯২০.৮৬৮৫ টাকা।

(গ)



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

৩ মাস পর চক্রবৃদ্ধি মূলধন,  $A_3$

$$= P(1+r)^n \text{ [এখানে, } P=৫০০০০]$$

$$= ৫০০০০(১+^{22}/_{১২০০})^৩$$

$$= ৫১৩৮৭.৬৪২৫ \text{ টাকা।}$$

ঐ ব্যক্তি ৩ মাসে ঋণ শোধ করে =  $১২০০০ \times ৩$  টাকা = ৩৬০০০ টাকা।

∴ ৩ মাস পরে ঐ ব্যক্তির আর ঋণ থাকবে =  $(৫১৩৮৭.৬৪২৫ - ৩৬০০০)$  টাকা = ১৫৩৮৭.৬৪২৫ টাকা।

১৬. করিম ৯% চক্রবৃদ্ধি মুনাফা হারে ৫ বছরের জন্য ৫০ হাজার টাকা এবং মরিয়ম ৭% চক্রবৃদ্ধি মুনাফা হারে ৫ বছরের জন্য ৮০ হাজার টাকা ব্যাংকে জমা রাখল। ব্যাংক থেকে কার বেশি আয় হবে এবং কত টাকা বেশি আয় হবে?

**সমাধানঃ**

করিমের আয়ের ক্ষেত্রে,

$$r = ৯\% = ০.০৯;$$

$$n = ৫;$$

$$P = ৫০০০০;$$

$$\therefore \text{চক্রবৃদ্ধি মুনাফা, } C = P[(1+r)^n - 1]$$

$$= ৫০০০০[(1+০.০৯)^৫ - 1]$$


$$= ২৬৯৩১.১৯৭৫ \text{ টাকা।}$$

আবার,

মরিয়মের আয়ের ক্ষেত্রে,

$$r = ৭\% = ০.০৭;$$

$$n = ৫;$$



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

$$P = ৮০০০০;$$

$$\therefore \text{চক্রবৃদ্ধি মুনাফা, } C = P[(1+r)^n - 1]$$

$$= ৮০০০০[(1+০.০৭)^৫ - 1]$$

$$= ৩২২০৪.১৩৮৪ \text{ টাকা।}$$

এখন,  $৩২২০৪.১৩৮৪ > ২৬৯৩১.১৯৭৫$

$\therefore$  মরিয়মের বেশি আয় হবে যার পরিমাণ =  $(৩২২০৪.১৩৮৪ - ২৬৯৩১.১৯৭৫)$  টাকা =  $৫২৭২.৯৪০৯$  টাকা।

১৭. তাহসিনা ৩৫০ টাকা দরে ৮টি মুরগি ক্রয় করে মোট ২৫০০ টাকায় বিক্রয় করলে কত লাভ বা ক্ষতি হবে? তাহসিনার মূলধন কত?

**সমাধানঃ**

তাহসিনা ১টি মুরগি ক্রয় করে ৩৫০ টাকায়

$\therefore$  তাহসিনা ৮টি মুরগি ক্রয় করে  $৩৫০ \times ৮$  টাকায় =  $২৮০০$  টাকায়।

এবং ৮টি মুরগি বিক্রয় করে ২৫০০ টাকায়।

তাহলে, তাহসিনার ক্ষতি হয়  $(২৮০০ - ২৫০০) = ৩০০$  টাকা।

**তাহসিনার মূলধনঃ**

তাহসিনার মূলধন  $২৮০০$  টাকা।

১৮. একজন মাছচাষি তার পুকুরে ৫০০০ টাকার পোনামাছ ছাড়লেন। সে মাছের খাবারের জন্য ৬০০০০ টাকা এবং মাছচাষের শ্রমিকের জন্য ২৫০০০ টাকা খরচ করলো। ঐ মাছচাষির মূলধন কত? যদি তিনি তার পুকুরের মাছ ২০০০০০ টাকা বিক্রি করেন, তবে তার কত টাকা লাভ হবে।

**সমাধানঃ**

প্রশ্নমতে মাছ চাষির মোট বিনিয়োগ

$$= (৫০০০ + ৬০০০০ + ২৫০০০) \text{ টাকা}$$



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

= ৯০০০০ টাকা।

∴ ঐ মাছচাষির মূলধন = ৯০০০০ টাকা।

তার লাভের পরিমাণ

= মাছ বিক্রয়মূল্য - মোট বিনিয়োগ

= (২০০০০০ - ৯০০০০) টাকা

= ১১০০০০ টাকা।

১৯. একজন কৃষক এক দোকানে ৪০ কেজি ধান দিয়ে ২০ কেজি চাল, ৫ কেজি আটা এবং ১ কেজি ডাল নিল। যদি এক কেজি ধানের দাম ১২ টাকা, এক কেজি চালের দাম ১৬ টাকা, এক কেজি আটার দাম ১৮ টাকা এবং এক কেজি ডালের দাম ২৮ টাকা হয়, তবে কৃষকের কত টাকা লাভ বা ক্ষতি হলো?

**সমাধানঃ**

১ কেজি ধানের দাম ১২ টাকা

∴ ৪০ কেজি ধানের দাম  $১২ \times ৪০$  টাকা = ৪৮০ টাকা।

আবার,

১ কেজি চালের দাম ১৬ টাকা

∴ ২০ কেজি চালের দাম  $২০ \times ১৬$  টাকা = ৩২০ টাকা।

১ কেজি আটার দাম ১৮ টাকা


∴ ৫ কেজি আটার দাম  $১৮ \times ৫$  টাকা = ৯০ টাকা।

এবং ১ কেজি ডালের দাম ২৮ টাকা।

তাহলে,

২০ কেজি চাল, ৫ কেজি আটা, ১ কেজি চালের মোট দাম =  $(৩২০ + ৯০ + ২৮)$  টাকা = ৪৩৮ টাকা।

∴ কৃষকের ক্ষতি হলো  $(৪৮০ - ৪৩৮)$  টাকা = ৪২ টাকা।



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

২০. একজন ফলবিক্রেতা ১৫০০০ টাকা দিয়ে ১২০ শত লিচু ক্রয় করলেন। যাতায়াতের সময় ৬ শত লিচু নষ্ট হয়ে গেল। বাকি প্রতি শত লিচু কত টাকা দরে বিক্রয় করলে তার মোট ২০০০ টাকা লাভ হবে?

**সমাধানঃ**

ফলবিক্রেতা ক্রয় করেন ১২০ শত লিচু

যাতায়াতে নষ্ট হয় ৬ শত লিচু

∴ লিচু ভালো থাকে = (১২০-৬) শত = ১১৪ শত  
এখন,

লিচুর ক্রয়মূল্য = ১৫০০০ টাকা

শর্তমতে, বিক্রয়মূল্য হতে হবে (১৫০০০+২০০০) = ১৭০০০ টাকা।

এবং,

১১৪ শত লিচুর বিক্রয়মূল্য হবে ১৭০০০ টাকা

∴ ১ শত লিচুর বিক্রয়মূল্য হবে =  $\frac{১৭০০০}{১১৪}$  টাকা = ১৪৯.১২২৮ টাকা (প্রায়)।

২১. একটি সাইকেল ৫,০০০ টাকা দিয়ে ক্রয় করে ১২% লাভে বিক্রয় করলে মোট কত টাকা লাভ হবে? সাইকেলটির বিক্রয়মূল্য কত?

**সমাধানঃ**


১২% লাভে,

সাইকেলের ক্রয়মূল্য ১০০ টাকা সাইকেল বিক্রয়ে লাভ ১২ টাকা

∴ সাইকেলের ক্রয়মূল্য ১ টাকা সাইকেল বিক্রয়ে লাভ  $\frac{১২}{১০০}$  টাকা

∴ সাইকেলের ক্রয়মূল্য ৫০০০ টাকা সাইকেল বিক্রয়ে লাভ  $\frac{১২}{১০০} \times ৫০০০$  টাকা = ৬০০ টাকা।

অতএব,



## ← ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

মোট লাভ = ৬০০ টাকা

এবং বিক্রয়মূল্য = (৫০০০+৬০০) টাকা = ৫৬০০ টাকা।

২২. একজন ব্যবসায়ী তার পণ্য ৫% ক্ষতিতে বিক্রয় করলেন। যদি তিনি ১২৩০ টাকা বেশি দামে বিক্রি করতে পারতেন তবে তার ৫% লাভ হতো, ব্যবসায়ীর পণ্যের ক্রয়মূল্য কত?

**সমাধানঃ**

ধরি, পণ্যটির ক্রয়মূল্য = ক টাকা।

৫% ক্ষতিতে,

পণ্যটির বিক্রয়মূল্য = (ক - ক×৫%) টাকা = (ক - ক×০.০৫) টাকা = ০.৯৫ক টাকা।

৫% লাভে,

পণ্যটির বিক্রয়মূল্য = (ক + ক×৫%) টাকা = (ক + ক×০.০৫) টাকা = ১.০৫ক টাকা।

শর্তমতে,

$$০.৯৫ক + ১২৩০ = ১.০৫ক$$

$$\text{বা, } ১.০৫ক - ০.৯৫ক = ১২৩০$$

$$\text{বা, } ০.১ক = ১২৩০$$


$$\text{বা, } ক = ১২৩০/০.১ = ১২৩০০$$

∴ পণ্যটির ক্রয়মূল্য = ১২৩০০ টাকা।

২৩. উৎপন্নকারী, পাইকারী বিক্রেতা এবং খুচরা বিক্রেতা সকলে ৫% লাভে একটি পণ্য বিক্রয় করেন। একজন খরিদদার পণ্যটি খুচরা বিক্রেতার কাছ থেকে ১০৫০ টাকা দিয়ে ক্রয় করলে এর উৎপন্ন খরচ কত?

**সমাধানঃ**

এখানে, পণ্যটি তিন ধাপে বিক্রি হয় অর্থাৎ  $n = 3$ ;





## ৪র্থ অধ্যায় (অনুশীলনীঃ ১ - ২৩...

লাভের চক্রবৃদ্ধির হার,  $r = ৫\% = ০.০৫$

চক্রবৃদ্ধির হারে সর্বশেষ বিক্রয়মূল্য,  $A = ১০৫০$  টাকা।

তাহলে, উৎপন্ন খরচ  $P$  হলে সূত্র প্রয়োগ করে পাই,

$$A = P(1+r)^n$$

$$\text{বা, } ১০৫০ = P(1+০.০৫)^৩$$

$$\text{বা, } ১০৫০ = P \times ১.১৫৭৬২৫$$


$$\text{বা, } P = ১০৫০ / ১.১৫৭৬২৫ = ৯০৭.০৩ \text{ টাকা (প্রায়)}।$$

∴ উৎপন্ন খরচ = ৯০৭.০৩ টাকা (প্রায়)

If it is helpful for  
you,  
donate us please

Bkash Personal

01916973743



## অধ্যায় - ৫

জমির নকশায় ত্রিভুজ ও চতুর্ভুজ - Class 8 Math BD 2024 – ৫ম  
অধ্যায় (অনুশীলনীঃ ১ - ১৪ পর্যন্ত)


### জমির নকশায় ত্রিভুজ ও চতুর্ভুজ

জমির নকশায় ত্রিভুজ ও চতুর্ভুজ বলতে তোমরা কি বুজ? আমরা আমাদের আবাদ বা কৃষি জমির দিকে যদি লক্ষ্য করি তাহলে তার আকার ত্রিভুজ বা চতুর্ভুজ আকৃতিরও পেয়ে থাকে। জমির আকার বুঝার জন্য তাই আমরা ত্রিভুজ এবং চতুর্ভুজ এর বিস্তারিত জানব। এই অধ্যায়ে আমরা যা যা শিখবঃ- সমকোণী ত্রিভুজের বৈশিষ্ট্য, বর্গের কর্ণদ্বয়ের সমতা, আয়তক্ষেত্রের পরিসীমা নির্ণয়, রম্বসের পরিধি, পিথাগোরিয়ান ত্রয়ী, সামান্তরিক অঙ্কন, বর্গ অঙ্কন, সামান্তরিকের ক্ষেত্রফল, আয়তাকার জমির ক্ষেত্রফল, নানান আকৃতির ক্ষেত্রফল নির্ণয়। এখানে অনুশীলনী ৫ এর সকল সমাধান দেয়া হয়েছে।

### অনুশীলনী - ৫ (৮ম শ্রেণি)

১। চিত্র ক-এ প্রদত্ত আকৃতি পরিমাপের ক্ষেত্রে কীভাবে সমকোণী ত্রিভুজের বৈশিষ্ট্য ব্যবহার করবে? সমস্যাটি সমাধান করো এবং পিথাগোরাসের উপপাদ্য কীভাবে সাহায্য করল যুক্তি দাও।

AD = 12 cm হলে BC এর দৈর্ঘ্য নির্ণয় করো।



সমাধানঃ



## ← ৫ম অধ্যায় (অনুশীলনীঃ ১ - ১৪ প...

চিত্র ক-এ প্রদত্ত আকৃতি পরিমাপের ক্ষেত্রে সমকোণী ত্রিভুজের একটি বৈশিষ্ট্য ব্যবহার করা যায়। সেটি হলোঃ-

সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমষ্টির সমান।

এখানে, দুইটি সমকোণী ত্রিভুজ  $\triangle ABD$  ও  $\triangle ACD$  আছে; তাহলে উপরোক্ত সমকোণী ত্রিভুজের বৈশিষ্ট্য অনুসারে আমরা লিখতে পারি-

$$AC^2 = AD^2 + DC^2 \dots\dots(i)$$

$$AB^2 = AD^2 + BD^2 \dots\dots(ii)$$

এবং এই দুই সমীকরণ থেকে আমরা চিত্র ক-এ প্রদত্ত আকৃতি পরিমাপ করতে পারি।

### BC এর মান নির্ণয়ঃ

(i) নং এ,  $AD = 12 \text{ cm}$ ;  $AC = 37 \text{ cm}$  বসিয়ে পাই,

$$37^2 = 12^2 + DC^2$$

$$\text{বা, } DC^2 = 37^2 - 12^2$$

$$\text{বা, } DC^2 = 1225$$

$$\text{বা, } DC = \sqrt{1225} = 35$$



অনুরূপভাবে, (ii) নং থেকে পাই,

$$BD = 35$$

$$\therefore BC = BD + DC = 35 + 35 = 70 \text{ cm}$$

২। চিত্র ঐকে বা কাগজ কেটে প্রমাণ করো- বর্গের কর্ণদ্বয় পরস্পর সমান।

সমাধানঃ




If it is helpful for you,  
donate us please

Bkash Personal

01916973743

## ← ৫ম অধ্যায় (অনুশীলনীঃ ১ - ১৪ প...



মনে করি, ABCD একটি বর্গ যাদের AC ও BD দুইটি কর্ণ। নিম্নের চিত্রে বর্গ ও তার কর্ণদ্বয়কে একে দেখানো হলো। এখন এই চিত্র থেকে প্রমাণ করতে হবে যে,  $AC = BD$ .

**প্রমাণঃ**

ABCD বর্গে,  $AB = BC = CD = DA = a$  [ $\because$  বর্গের চারটি বাহুর দৈর্ঘ্য সমান হয়];

আবার,  $\angle BCD = 90^\circ$  [যেহেতু, ABCD একটি বর্গ]

$\therefore \triangle BCD$  হতে পিথাগোরাসের সূত্রানুসারে পাই,

$$BD^2 = BC^2 + DC^2 = a^2 + a^2 = 2a^2$$

$$\text{বা, } BD = \sqrt{(2a^2)} = \sqrt{2}.a \dots\dots(i)$$

অনুরূপভাবে,

$$AC^2 = CD^2 + DA^2 = a^2 + a^2 = 2a^2$$


$$\text{বা, } AC = \sqrt{(2a^2)} = \sqrt{2}.a \dots\dots(ii)$$

এখন, (i) ও (ii) হতে পাই,


$$AC = BD \text{ [প্রমাণিত]}$$

৩। ধরো চারটি বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে 4 cm, 3 cm, 3.5 cm, 5 cm এবং যে কোনো একটি কোণ দেওয়া আছে 60 ডিগ্রি। চতুর্ভুজটি অঙ্কন করো। [জমির নকশায় ত্রিভুজ ও চতুর্ভুজ এর ৩ নং প্রশ্ন এটি; পর্যায়ক্রমে সব দেয়া হয়েছে।]

**সমাধানঃ**



# ← ৫ম অধ্যায় (অনুশীলনীঃ ১ - ১৪ প...



চারটি বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে  $a = 4 \text{ cm}$ ,  $b = 3 \text{ cm}$ ,  $c = 3.5 \text{ cm}$ ,  $d = 5 \text{ cm}$  এবং যে কোনো একটি কোণ দেওয়া আছে  $60^\circ$  দেওয়া আছে। চতুর্ভুজটি অঙ্কন করতে হবে।

### অঙ্কনের বিবরণঃ

(ক) যেকোনো একটি রশ্মি AF নেই এবং A কে কেন্দ্র করে যেকোনো ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তচাপ আঁকি যা AF কে P বিন্দুতে ছেদ করে।

(খ) P কে কেন্দ্র করে ঐ একই ব্যাসার্ধ নিয়ে আরও একটি বৃত্তচাপ আঁকি যা পূর্বের বৃত্তচাপকে Q বিন্দুতে ছেদ করে।



(গ) A,Q যোগ করে AE রশ্মি আঁকি। তাহলে  $\angle EAF = 60^\circ$  অঙ্কিত হলো।

(ঘ) এখন, AF থেকে  $AB = a$  এবং AE থেকে  $AD = d$  অংশ কেটে নিই।

(ঙ) B কে কেন্দ্র করে b ও D কে কেন্দ্র করে c এর সমান ব্যাসার্ধ নিয়ে  $\angle DAB$  এর অভ্যন্তরে দুটি বৃত্তচাপ আঁকি। বৃত্তচাপদ্বয় পরস্পরকে C বিন্দুতে ছেদ করে।

(চ) D,C; B,C যোগ করি; তাহলে ABCD নির্ণয়ে চতুর্ভুজ অঙ্কিত হলো।

৪। চিত্র : খ-এ AB = ?



# ← ৫ম অধ্যায় (অনুশীলনীঃ ১ - ১৪ প...

সমাধানঃ

অঙ্কনঃ

C বিন্দু থেকে AB এর উপর লম্ব AB কে যে বিন্দুতে ছেদ করে তাকে D দ্বারা চিহ্নিত করি।

AB নির্ণয়ঃ

চিত্রানুসারে,

$\triangle BCD$ -এ,

$$BD^2 + CD^2 = CB^2 \text{ [পিথাগোরাসের সূত্রানুসারে]}$$

$$\text{বা, } BD^2 = CB^2 - CD^2$$

$$\text{বা, } BD^2 = 5^2 - 3^2$$

$$\text{বা, } BD^2 = 25 - 9$$

$$\text{বা, } BD^2 = 16$$

$$\text{বা, } BD = 4 \text{ cm [বর্গমূল করে]}$$

আবার,

$\triangle ACD$ -এ,

$$AD^2 + CD^2 = AC^2 \text{ [পিথাগোরাসের সূত্রানুসারে]}$$

$$\text{বা, } AD^2 = AC^2 - CD^2$$

$$\text{বা, } AD^2 = 12^2 - 3^2$$

$$\text{বা, } AD^2 = 144 - 9$$


$$\text{বা, } AD^2 = 135$$

$$\text{বা, } AD = 3\sqrt{15} \text{ [বর্গমূল করে]}$$

If it is helpful for you,  
donate us please

Bkash Personal


01916973743



## ← ৫ম অধ্যায় (অনুশীলনীঃ ১ - ১৪ প...

$$\therefore AB = AD+BD = (3\sqrt{15}+4) \text{ cm}$$

৫। তোমার স্কুলের একটি দেয়াল রঙ করার জন্য যদি 15 m একটি মইকে দেয়াল থেকে 12 m দূরত্বে স্থাপন করা হয় (চিত্র : গ)। তাহলে ভূমি থেকে মইয়ের শীর্ষবিন্দু পর্যন্ত দেয়ালের উচ্চতা নির্ণয় করো।



**সমাধানঃ**

চিত্র অনুসারে,

$$AB = \text{মইয়ের দৈর্ঘ্য} = 15\text{m}$$

$$BC = \text{ভূমির দৈর্ঘ্য} = 12\text{m}$$

$AC =$  ভূমি থেকে মইয়ের শীর্ষবিন্দু পর্যন্ত দেয়ালের উচ্চতা

এখন,  $AB, BC, AC$  মিলিত হয়ে একটি সমকোণী ত্রিভুজ উৎপন্ন করেছে যেখানে,  $\angle BCA = 90^\circ$

$$AB^2 = BC^2 + AC^2$$

$$\text{বা, } AC^2 = AB^2 - BC^2$$

$$\text{বা, } AC^2 = 15^2 - 12^2$$

$$\text{বা, } AC^2 = 225 - 144$$

$$\text{বা, } AC^2 = 81$$


$$\text{বা, } AC = 9 \text{ [বর্গমূল করে]}$$

